গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২।
www.bba.gov.bd

স্মারক নং-৫০.০১.০০০০.১০৮.৪১.০০৫.০৯(ভ-৪)- ১৬০

তারিখ: ২২ মাঘ ১৪২৪
০৪ ফেব্রুয়ারি ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের অধীনে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের রাজস্বভুক্ত পদে নিম্নবর্ণিত শর্তে ২০১৫ এর জাতীয় বেতনস্কেল অনুযায়ী জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
০১.	এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) বেতনস্কেল: টাকা ২২,০০০ - ৫৩,০৬০	০৩	অনুর্ধ্ব-৩০	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।
০২.	এসিস্ট্যান্ট ডাইরেক্টর বেতনস্কেল: টাকা ২২,০০০ - ৫৩,০৬০	০১	অনুর্ধ্ব-৩০	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশন (এমবিএ) ডিগ্রী।
০৩.	এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার বেতনস্কেল: টাকা ২২,০০০ - ৫৩,০৬০	০১	অনুর্ধ্ব-৩০	(a) B.Sc Engineering in Computer Engineering/Electrical or Electronic Engineering. (b) Must qualify standard aptitude test.
০৪.	প্রটোকল-কাম-পাবলিক রিলেসন্স অফিসার বেতনস্কেল: টাকা ২২,০০০ - ৫৩,০৬০	০১	অনুর্ধ্ব-৩০	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী, তবে গণযোগাযোগ বিষয়ে সংশ্লিষ্ট ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনের শর্ত ও নিয়মাবলী:

০১. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd তে প্রবেশ করে **eRecruitment menu** এর মাধ্যমে আগামী ০৮.০৩.২০১৮ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে।

০২. আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) পূর্বক স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb এর মধ্যে হতে হবে।

০৩. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস ও ইমেইলে (যদি দেয়া হয়ে থাকে) একটি User ID ও Password প্রেরণ করার হবে। উক্ত কার্ডের মধ্যে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

০৪. প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে বিকাশের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) সার্ভিজ চার্জসহ ১০২.০০ (একশত দুই টাকা) পরিশোধ করতে হবে। ৭২ ঘন্টার মধ্যমে ফি পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫. User ID ও Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক হতে পুনরুদ্ধার করতে পারবেন।

০৬. বিকাশের মাধ্যমে টাকা পাঠানো প্রক্রিয়া:
১ম ধাপ: ডায়াল *২৪৭#;
২য় ধাপ: অপশন বেছে নিন: Payment;
৩য় ধাপ: বিকাশ মার্চেন্ট একাউন্ট লিখুন: ০১৭২৬১০২২৮৬;
৪র্থ ধাপ: টাকার পরিমাণ ১০২.০০ (একশত দুই টাকা);
৫ম ধাপ: রেফারেন্স নম্বর User ID (SMS এ প্রাপ্ত User ID টি প্রদান করুন);
(বি: দ্র: ভুল User ID প্রদান করা হলে ফি পরিশোধ হয়েছে বলে বিবেচিত হবে না।)
৬ষ্ঠ ধাপ: কাউন্টার নম্বর সকল পদের জন্য ০ (শূণ্য) প্রযোজ্য;
৭ম ধাপ: লেনদেন নিশ্চিত করতে Pin নম্বর প্রবেশ করুন: XXXX (ফি পরিশোধ সফল হলে বিকাশ থেকে একটি SMS পাওয়া যাবে। SMS-এ উল্লিখিত টি Transaction ID সংরক্ষণ করুন;
৮ম ধাপ: আবেদন ফি পরিশোধের পর পুনরায় www.bba.gov.bd তে প্রবেশ করে **eRecruitment** menu তে ক্লিক করে Payment Status-এ গিয়ে বিকাশ থেকে প্রাপ্ত Transaction Id প্রবেশ করুন এবং Submit করুন।

চলমান পাতা-০২

০৭. **প্রবেশপত্র প্রাপ্তির নিয়ম:** প্রবেশপত্র প্রাপ্তির জন্য www.bba.gov.bd ওয়েব সাইটে প্রবেশের পর **Online Recruitment** menu তে ক্লিক করতে হবে। অত:পর Applicant Login বাটনে ক্লিক করে User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করতে হবে। মেনু থেকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করার পর সংরক্ষণ করতে হবে।

০৮ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website এবং প্রার্থীর মোবাইল ফোনে (Mobile) SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে।

০৯. ০৮.০৩.২০১৮ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত প্রযোজ্য হবে। বয়স নিরূপনের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০. অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ন্যূনতম প্রথম শ্রেণির গেজেটেড (৯ম গ্রেডের) সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত তারিখের মধ্যে উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২ ঠিকানায় জমা দিতে হবে।

১২. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট ভাইভা বোর্ডে প্রদর্শনের জন্য মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িত সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(গ) মুক্তিযোদ্ধা সন্তান বা পোষ্যদের স্বপক্ষে সনদপত্রের কপিসহ নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্যাদি সংযুক্ত করতে হবে:

ক্রমিক নম্বর	মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	উপজেলা/ জেলার নাম	জন্ম তারিখ	মুক্তিবার্তা নম্বর গেজেটেড নম্বর ও তারিখ	সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	মন্তব্য/সম্পর্ক
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)	(০৭)	(০৮)

(ঘ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঙ) ডাউনলোডকৃত Applicant Copy এর কপি;
(চ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

১৩. উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে।

১৪. নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫. নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৯ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৬. যে কোন পদ সংখ্যা কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭. বিজ্ঞপ্তিটি বাংলোদেশ সেতু কর্তৃপক্ষের **Web Site: www.bba.gov.bd** এ পাওয়া যাবে।

৪/২/১৮
(মো: মনিরুল আলম)
উপ-পরিচালক (প্রশাসন)